



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
ঢাকা।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নং- ২৮/২০২৩

তারিখ : ০৯ চৈত্র ১৪২৯
২৩ মার্চ ২০২৩

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ের অন্তর্ভুক্ত ০৯টি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে ২০২০ সাল ভিত্তিক 'অফিসার (জেনারেল)-১০ম গ্রেড' (JOB ID-10147) এর ১৭৬৩টি শূন্য পদে নিয়োগের উদ্দেশ্যে প্রিলিমিনারী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণের সময়সূচি এবং পরীক্ষা কেন্দ্র সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ের তত্ত্বাবধানে ০৯টি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে ২০২০ সাল ভিত্তিক 'অফিসার (জেনারেল)-১০ম গ্রেড' (JOB ID-10147) এর ১৭৬৩টি শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে ২১/১২/২০২১ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তি নং-১৮৫/২০২১ এর প্রেক্ষিতে এবং বিগত ২১/০৩/২০২৩ তারিখের বিজ্ঞপ্তি নম্বর-২৭/২০২৩ এর অনুবৃত্তিক্রমে প্রিলিমিনারী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ৩১/০৩/২০২৩ তারিখ শুক্রবার সকাল ১০:০০টা হতে দুপুর ১২:০০টা পর্যন্ত ঢাকা সিটি কর্পোরেশনদ্বয়ের মধ্যে অবস্থিত নিম্নোক্ত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে:

ক্রমিক নং	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	ঠিকানা	উত্তীর্ণ প্রার্থীদের রোল নম্বর বন্টন		প্রার্থী সংখ্যা
			প্রারম্ভ রোল	শেষ রোল	
১.	বিএএফ শাহিন কলেজ	কুর্মিটোলা, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।	৩০০০০৩	৩৪৩৩১৪	৪০০০
২.	সিভিল এডিয়েশন স্কুল এন্ড কলেজ	পুরাতন এয়ারপোর্ট রোড, তেজগাঁও, ঢাকা।	৩৪৩৩১৭	৩৬৪১৭০	২০০০
৩.	ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এন্ড কলেজ	বুয়েট ক্যাম্পাস, ঢাকা	৩৬৪১৭৪	৩৯০৮৪৭	২৫০০
৪.	উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়	৩, ফুলার রোড, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।	৩৯০৮৪৯	৪০৬৯৩১	১৫০০
৫.	ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ	ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, ঢাকা।	৪০৬৯৪৪	৪১৯৪১৬	১২০০
৬.	নিউ মডেল বহুমুখী হাই স্কুল	শুক্রাবাদ, ঢাকা।	৪১৯৪১৭	৪২৬০৬৫	৫৯২
৭.	ধানমন্ডি গভ: বয়েজ হাই স্কুল	ধানমন্ডি, ঢাকা	৪২৬০৭৯	৪৪৬৯৫৯	১৮০০
৮.	মডেল একাডেমি	পাইকপাড়া সরকারি (ডি-টাইপ) কলোনি, মিরপুর-১, ঢাকা।	৪৪৬৯৭৩	৪৬৭১২৭	১৯০০
৯.	ঢাকা শিক্ষা বোর্ড ল্যাবরেটরি স্কুল এ্যান্ড কলেজ	মিরপুর-১, ঢাকা।	৪৬৭১২৮	৪৮২২২৮	১৪০০
		মোট-			১৬৮৯২

- লিখিত পরীক্ষার জন্য উত্তীর্ণ প্রার্থীদের রোল নম্বর বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<https://erecruitment.bb.org.bd>) ইতোমধ্যে আপলোড করা হয়েছে।
- লিখিত পরীক্ষার জন্য পৃথক কোনো প্রবেশ পত্র ইস্যু করা হবে না। প্রিলিমিনারী পরীক্ষার প্রবেশপত্র লিখিত পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- সামাজিক দূরত্ব মেনে সারিবদ্ধভাবে কেন্দ্রের অভ্যন্তরে প্রবেশ এবং চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ০১ (এক) ঘন্টা পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষা আরম্ভের পর কোনো প্রার্থী কোনক্রমেই পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।
- প্রবেশপত্র (০১ কপি) ব্যতীত কোন ধরণের কাগজ, বই, মানিব্যাগ, মোবাইল ফোন, ক্যালকুলেটর, ইলেক্ট্রনিক কার্ড (স্মার্ট কার্ড, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা অনুরূপ অন্য কোন কার্ড), স্মার্ট ওয়াচ বা অন্য কোনো ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করা যাবে না। উল্লিখিত কোন কিছু পরীক্ষা চলাকালীন পাওয়া গেলে কিংবা অসদুপায় অবলম্বনের কোন চেষ্টা করলে উক্ত পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল করা হবে। প্রবেশপত্রে কোন কিছুই লেখা যাবে না।

মাস্ক পরিধান ব্যতিরেকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না এবং কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ সাঈদুর রহমান খান)
পরিচালক (বিএসসিএস)
ও
সদস্য-সচিব, বিএসসি